

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ২১, ২০১৫

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা
সংশোধিত প্রজ্ঞাপন

তারিখঃ ০১ আশ্বিন ১৪২২/১৬ সেপ্টেম্বর ২০১৫

নং ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২৮.১৫-৩০৪।—নির্বাচন কমিশন গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১১(১) অনুচ্ছেদের ক্ষমতাবলে ০১ সেপ্টেম্বর ২০১৫ তারিখ হইতে শূন্য ঘোষিত দশম জাতীয় সংসদের ১৩৩ টাঙ্গাইল-৪ নির্বাচনী এলাকা হইতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচনের জন্য সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার ভোটারগণকে আহ্বান জানাইতেছেন এবং নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিশন সচিবালয় হইতে জারিকৃত প্রজ্ঞাপন নং ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২৮.১৫-৩০২, তারিখঃ ৩১ ভাদ্র ১৪২২/১৫ সেপ্টেম্বর ২০১৫ এর মাধ্যমে ঘোষিত সময়সূচি সংশোধনপূর্বক নিম্নে বর্ণিত সংশোধিত সময়সূচি ঘোষণা করিতেছেন :

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১১ অক্টোবর ২০১৫ ২৬ আশ্বিন ১৪২২ (রবিবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৩ অক্টোবর ২০১৫ ২৮ আশ্বিন ১৪২২ (মঙ্গলবার)
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	২১ অক্টোবর ২০১৫ ০৬ কার্তিক ১৪২২ (বুধবার)
(ঘ)	ভোট গ্রহণের তারিখ	:	১০ নভেম্বর ২০১৫ ২৬ কার্তিক ১৪২২ (মঙ্গলবার)

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ সিরাজুল ইসলাম
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(৭৮৩৯)

মূল্য : টাকা ৪.০০